# সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭৩৫

২৪/ হজ্জের নিয়ম পদ্ধতি (كتاب مناسك الحج)

পরিচ্ছেদঃ ৫০. হজ্জে তামাত্তু

التَّمَتُّعُ

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ عَلِيٍّ قَالَ حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ قَالَ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ حَرْمَلَةَ قَالَ سَمِعْتُ سَعِيدَ بْنَ الْمُسَيَّبِ يَقُولُ حَجَّ عَلِيٌّ وَعُثْمَانُ فَلَمَّا كُنَّا بِبَعْضِ الطَّرِيقِ نَهَى عُثْمَانُ عَنْ التَّمَتُّعِ فَقَالَ عَلِيٌّ إِذَا رَأَيْتُمُوهُ قَدْ ارْتَحَلَ فَارْتَحِلُوا فَلَبَّى عَلِيٌّ وَأَصْحَابُهُ بِالْعُمْرَةِ فَلَمْ يَنْهَهُمْ عُثْمَانُ فَقَالَ عَلِيٌّ أَلَمْ أُخْبَرْ أَنَّكَ تَنْهَى عَنْ التَّمَتُّعِ قَالَ بَلَى قَالَ لَهُ عَلِيٌّ أَلَمْ تَسْمَعْ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَمَتَّعَ قَالَ بَلَى

বাংলা

২৭৩৫. আমর ইবন আলী (রহঃ) ... আবদুর রহমান ইবন হারমালা (রহঃ) বলেন, সাঈদ ইবন মুসাইয়্যাব (রহঃ)-কে বলতে শুনেছি যে, আলী ইবন উছমান (রাঃ) হজ্জ সমাপ্ত করলেন, আমরা যখন কোন রাস্তায় ছিলাম, তখন উছমান (রাঃ) তামাত্তু করতে নিষেধ করলেন। তখন আলী (রাঃ) বললেনঃ যখন তোমরা তাকে প্রত্যাবর্তন করতে দেখ তোমরাও প্রত্যাবর্তন কর। পরে আলী (রাঃ) এবং তাঁর অনুসারীগণ উমরার তালবিয়া পড়লেন। আর উছমান তাদেরকে নিষেধ করেননি। আলী (রাঃ) বললেনঃ আমাকে কি খবর দেয়া হয়নি যে, আপনি তামাত্তু করতে নিষেধ করেন? তিনি বললেনঃ হ্যাঁ। তখন আলী (রাঃ) তাকে বললেনঃ আপনি কি শুনেন নি যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তামাত্তু করেছেন? তিনি বললনেঃ হ্যাঁ।

## English

Sa'ced bin Al-Musayyab said:
"Ali and 'Uthman performed Hajj, and when we were partway there, 'Uthman forbade Tamattu, 'Ali said 'When you see him setting out, set out with him (saying the Talbiyah for 'Umrah)So 'Ali and his companions recited the Talbiyah for 'Umrah, and 'Uthman did not forbid them. 'Ali said: 'Have I not been told that you did.' Ali said to him: 'Did you not hear that the Messenger

of Allah did Tamattu? He said: 'Of course.

### ফুটনোট

তাহক্বীকঃ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবন হারমালা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76764

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন